শেখ হাসিনার উদ্যোগ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর
pbs1.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫২৮.০১.০৩৮.২০.৬৪২২ | তারিখঃ- ০৯ অগ্রহায়ণ' ১৪২৭ বঙ্গাঃ
২৪ নভেম্বর' ২০২০ খ্রিঃ

**বিষয়ঃ কোটেশন দাখিলের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে টোনার সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি।**

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ এর নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী লেজার প্রিন্টারের টোনার সরবরাহের লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্রঃ নং | মালামালের স্পেসিফিকেশন / বিবরণ | টোনার মডেল | পরিমাণ | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | একক মূল্য | মোট মূল্য |
| জি-২০-২১-১০-২৮-০০১ | ০১ | Hp Laser Jet 404 (China) | 76A | ০৬ টি | | |
| | ০২ | Hp Laser Jet 402 (China) | CF-226A | ৩৫ টি | | |
| | ০৩ | Hp Laser Jet 400 (China) | 80A | ১৫ টি | | |
| | ০৪ | Hp Laser Jet 2035 (China) | 05A | ১০ টি | | |
| | ০৫ | Hp Laser Jet M12A (China) | 79A | ০৬ টি | | |
| | ০৬ | Hp 1100/Canon 6030 (China) | 85A | ০৮ টি | | |
| | ০৭ | Canon LBP 3300 (China) | 308 | ০২ টি | | |
| | | | সর্বমোট= | ৮২ টি | | |

(কথায়ঃ......................................................................)

শর্তাবলীঃ

০১। দরপত্র আগামী ০১/১২/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (১০ তলা) পূর্ব অংশ খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ০১/১২/২০২০খ্রিঃ তারিখ ১২:৩০ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর ও (খ) সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। অগ্রহী দরদাতাগণ অফিস সময়ে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েবসাইট www.pbs1.jessore.gov.bd এ দেখতে পারবেন।

০৩। খামের উপর স্পষ্টাক্ষরে **"টোনার সরবরাহের দরপত্র"** লিখে নিজ প্রতিষ্ঠানের সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।

০৪। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিষ্ট্রেশন ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৫। দরপত্র জামানত প্রয়োজন নাই, সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ ইস্যুর ১০ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

০৬। কার্যাদেশ প্রদানের সময় মালামাল কম/বেশী হতে পারে। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৭। দরপত্র বাছাইকালে উদ্বৃত মূল্যে গানিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গড়মিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্বৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৮। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

অপর পাতায়

০৯। দাখিলকৃত মোট বিল হতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।

১০। সরবরাহকারীকে সংশ্লিষ্ট মালামালের ক্ষেত্রে কমপক্ষে ৫০% মূল্যের মালামাল সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে।

১১। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর মালামালের গুণগতমান সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন ও প্রত্যয়ন সাপেক্ষে মালামাল সরবরাহের পর চালান বিল দাখিল সাপেক্ষে মূল্য পরিশোধ করা হবে।

১২। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের কার্যাদেশের মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কতৃনযোগ্য জরিমানা মোট কার্যাদেশের মূল্যের ১০% এর অধিক হবে না।

১৩। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৪। সরবরাহকারীকে দাখিলকৃত সংশ্লিষ্ট মালামালের ক্ষেত্রে Manufacture/Imported/Authorazetion এর Sole Distributor এর সনদ দাখিল করতে হবে।

১৫। বর্ণিত শর্ত সমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সে বিষয়ে যশোর পবিস-১ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২৪/১১/২০
(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, যশোর।
০৩। পুলিশ সুপার, যশোর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ............................... পবিস ১/২/৩/৪।
০৫। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
০৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, যশোর।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/শার্শা/ঝিকরগাছা/চৌগাছা বাঘারপাড়া উপজেলা, যশোর।
০৮। ডিজিএম, শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
০৯। এজিএম (ওএন্ডএম), বাগআঁচড়া/বাঁকড়া সাব-জোনাল অফিস, যশোর পবিস -১।
১০। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৩। মেসার্স ............................................................
১৪। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
১৫। অফিস কপি / মাস্টার কপি।

২৪/১১/২০
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)